

## ପ୍ରେରିତିକ ପିତୃଗଣ



# ପ୍ରେରିତିକ ପିତୃଗଣ

ଦିଦାଖେ, ସାଧୁ କ୍ଲେମେନ୍ଟ, ସାଧୁ ଇହାସ, ସାଧୁ ପନିକାର୍ଗ,  
ପାପିଯାସ, କୁଯାଦ୍ରାତୁସ, ଦିଓଗ୍ନେତୋସ



ସାଧୁ ବେନେଡ଼ିଷ୍ଟ ମଠ  
୨୦୦୯

প্রথম প্রকাশ

২১শে মার্চ ২০০৯  
সাধু বেনেডিক্টের উন্নয়ন পর্ব

অনুবাদ ও প্রকাশনা

© সাধু বেনেডিক্ট মঠ  
মহেশ্বরপাশা - খুলনা  
[www.asram.org](http://www.asram.org)

অনুমোদন

+ বিজয় ডি ক্রুজ, ওএমআই  
খুলনার ধর্মপাল  
১১ই জুলাই ২০০৮  
সাধু বেনেডিক্ট পর্ব

বাইবেল উদ্ঘাতি

পবিত্র বাইবেল - জুবিলী বাইবেল  
সাধু বেনেডিক্ট মঠের অনুবাদ  
© বাংলাদেশ কাথালিক বিশপ সমিলনী - ঢাকা, ২০০৬

## সূচীপত্র

সঙ্কেতাবলির অর্থ . . . . .	৬
ভূমিকা . . . . .	৭
দিদাখে . . . . .	১১
করিষ্ণায়দের কাছে সাধু ক্লেমেন্টের প্রথম পত্র . . . . .	২১
<b>সাধু ইংগ্লাসের পত্রাবলি</b>	
এফেসীয়দের কাছে পত্র . . . . .	৬০
মাঘেশীয়দের কাছে পত্র . . . . .	৬৮
আঞ্চলীয়দের কাছে পত্র . . . . .	৭৩
রোমায়দের কাছে পত্র . . . . .	৭৭
ফিলাদেফীয়দের কাছে পত্র . . . . .	৮১
স্মর্নীয়দের কাছে পত্র . . . . .	৮৬
পলিকার্পের কাছে পত্র . . . . .	৯১
ফিলিপ্পীয়দের কাছে সাধু পলিকার্পের পত্র . . . . .	৯৫
সাধু পলিকার্পের সাক্ষ্যমরণ . . . . .	১০৩
<b>পাপিয়াস ও কুয়াদ্রাতুসের লেখার অংশবিশেষ</b>	
পাপিয়াস . . . . .	১১৬
কুয়াদ্রাতুস . . . . .	১২০
করিষ্ণায়দের কাছে সাধু ক্লেমেন্টের দ্বিতীয় পত্র . . . . .	১২১
দিওঝেতোসের কাছে পত্র . . . . .	১৩৩

## সঙ্কেতাবলির অর্থ

### প্রাক্তন সংক্ষি (পুরাতন নিয়ম)

আদি আদিপুষ্টক  
যাত্রা যাত্রাপুষ্টক  
লেবীয় লেবীয় পুষ্টক  
গণনা গণনাপুষ্টক  
দ্বিঃবিঃ দ্বিতীয় বিবরণ  
১ সামু সামুয়েল ১ম পুষ্টক  
২ সামু সামুয়েল ২য় পুষ্টক  
১ মাকা মাকাবীয় বংশচরিত, ১ম পুষ্টক  
২ মাকা মাকাবীয় বংশচরিত, ২য় পুষ্টক  
সাম সামসঙ্গীত-মালা  
প্রবচন প্রবচনমালা  
প্রজ্ঞা প্রজ্ঞা পুষ্টক  
সিরা বেন-সিরা  
ইসা ইসাইয়া  
যেরে যেরেমিয়া  
এজে এজেকিয়েল  
দা দানিয়েল  
হো হোসেয়া  
জেফা জেফানিয়া  
জাখা জাখারিয়া

### নবসঙ্কি (নৃতন নিয়ম)

মথি মথি-রচিত সুসমাচার  
মার্ক মার্ক-রচিত সুসমাচার  
লুক লুক-রচিত সুসমাচার  
যোহন যোহন-রচিত সুসমাচার  
শিষ্য শিষ্যচারিত  
রো রোমায়দের কাছে পলের পত্র  
১ করি করিস্থীয়দের কাছে পলের ১ম পত্র  
২ করি করিস্থীয়দের কাছে পলের ২য় পত্র  
গা গালাতীয়দের কাছে পলের পত্র  
এফে এফেসীয়দের কাছে পলের পত্র  
কল কলসীয়দের কাছে পলের পত্র  
১ থে থেসালোনিকীয়দের কাছে ১ম পত্র  
২ থে থেসালোনিকীয়দের কাছে ২য় পত্র  
হিরু হিরুদের কাছে পত্র  
১ পি প্রেরিতদূত পিতরের ১ম পত্র  
২ পি প্রেরিতদূত পিতরের ২য় পত্র  
১ যোহন প্রেরিতদূত যোহনের ১ম পত্র  
প্রত্যা প্রত্যাদেশ পুষ্টক

## ভূমিকা

### প্রেরিতিক পিতৃগণ কারা?

এই প্রশ্নের উত্তর দেওয়া তত সহজ নয়, কেননা কেবল ৩০০ বছর আগেই পাঁচজন খ্রীষ্টান লেখকের বেলায় ‘প্রেরিতিক পিতৃগণ’ নামবিশেষ ব্যবহৃত হতে লাগল; সেসময় ধর্মতত্ত্ববিদ্গণ মনে করতেন, সেই পাঁচজন যীশুর প্রেরিতদূতদের সমকালীন মানুষ যাঁরা প্রেরিতদূতদের সঙ্গে ব্যক্তিময় সম্পর্কের অধিকারী। তারপর, এই পাঁচজনের তালিকায় অন্য কয়েকজন লেখককে যোগ দেওয়া হয়েছিল। অন্য দিকে একথা স্মরণযোগ্য যে, খ্রীষ্টীয় পরিভাষায় ‘মণ্ডলীর পিতৃগণ’ বহু দিন ধরেই প্রচলিত একটা নামবিশেষ যা সেই লেখকদের আরোপণীয় যাঁরা ষষ্ঠ বা সপ্তম শতাব্দীর মানুষ এবং যাঁদের বিষয়ে বলা যেতে পারত যে, তাঁদের ধর্মতত্ত্ব নির্ভুল, তাঁদের জীবন পবিত্র ও নিজেরাই মণ্ডলীর স্থীরুত্বপূর্ণ। তাঁদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ব্যক্তিত্ব হলেন সাধু ইরেনেটস, সাধু আথানাসিউস, সাধু সিরিল, সাধু বাসিল, সাধু লিও, সাধু আগস্টিন ইত্যাদি ব্যক্তিবর্গ; এবং প্রাচ্য খ্রীষ্টমণ্ডলীতে শেষ ‘পিতা’ হলেন দামাক্ষাসের ধর্মপাল মোহন, এবং পাশ্চাত্য খ্রীষ্টমণ্ডলীতে মহাপ্রাণ গ্রেগরি।

কিন্তু কালক্রমে দেখা গেল যে, সেই কয়েকজন যে সকলেই বারোজন প্রেরিতদূতের সমকালীন মানুষ এমন নয়, এবং যে যে লেখা তাঁদেরই লেখা বলে ধরে নেওয়া হয়েছিল সেগুলোর কয়েকটা তাঁদের প্রকৃত লেখা নয়। যাই হোক, যে যে পুস্তিকা প্রেরিতিক পিতৃগণের লেখা বলে আজও প্রকাশিত হয়, সেগুলো এ :

- দিদাখে (যা ‘বারোজন প্রেরিতদূতের শিক্ষাবাচী’ বলেও পরিচিত);
- করিষ্টীয়দের কাছে রোমের ধর্মাধ্যক্ষ সাধু ক্লেমেন্টের পত্র;
- আন্তিগথিয়ার ধর্মাধ্যক্ষ সাধু ইগ্নাসের পত্রাবলি;
- ফিলিপ্পীয়দের কাছে সাধু পলিকার্পের পত্র এবং তাঁর সাক্ষ্যমরণ-বৃত্তান্ত;
- বার্নাবাসের পত্র;
- করিষ্টীয়দের কাছে রোমের ধর্মাধ্যক্ষ সাধু ক্লেমেন্টের দ্বিতীয় পত্র;
- পালক (যা ‘হের্মার পালক’ বলেও পরিচিত);
- দিওফেন্টোসের কাছে পত্র (যার লেখক অজানা)।

যেহেতু বার্নাবাসের পত্র এবং হের্মার পালক লেখা দু’টো আজকালের পাঠকের জন্য তত উপকারী নয়, সেজন্য সেগুলোকে আমাদের এই পুস্তকে অন্তর্ভুক্ত করা হয়নি; অপর দিকে ‘পাপিয়াস’ ও ‘কুয়াদ্রাতুস’ এর প্রাচীন লেখার অংশবিশেষ যোগ দেওয়া হয়েছে।

এই সকল লেখার সাধারণ বৈশিষ্ট্য এটি যে, দিওঁগেতোসের কাছে পত্র ছাড়া বাকি সবগুলো ১৫০ খ্রীষ্টাব্দের আগেকার লেখা, ফলে সেগুলোর মধ্য দিয়ে আমরা প্রথম ও দ্বিতীয় খ্রীষ্টীয় প্রজন্মের অবস্থা-পরিস্থিতির একটা নির্ভরযোগ্য পরিচিতি অবগত হতে পারি; আর শুধু তা নয়, এই লেখাগুলো এমন সংযোজন-সেতু বলে গণ্য করতে পারি যা নবসন্ধির লেখাগুলোর সঙ্গে পরবর্তীকালীন মণ্ডলীর পিতৃগণের লেখাগুলো সংযুক্ত করে। সুতরাং, খ্রীষ্টধর্মের প্রথম শতাব্দীর ইতিহাস জানবার জন্য এই লেখাগুলো আমাদের পক্ষে অতিশয় গুরুত্বপূর্ণ। কেননা এগুলোই সেই প্রথম লেখা যা নবসন্ধির লেখা বলে পরিগণিত না হলেও তবু মণ্ডলী দ্বারা স্বীকৃতি পেয়েছিল, এবং ফলত খ্রীষ্টীয় ইতিহ্যের প্রথম সাক্ষী। এর অর্থ, সেই লেখাগুলোর মধ্য দিয়ে আমরা খ্রীষ্টীয় ধর্মতত্ত্বের প্রথম পদক্ষেপ দেখতে পাই; বা অন্য কথায়, আমরা দেখতে পাই কিভাবে সেকালের মানুষ প্রাক্তন ও নব সন্ধি বিষয়ে গবেষণা করতে লাগলেন।

প্রাচীন লেখাগুলো পড়তে গিয়ে আজকালের মানুষ সাধারণত সেগুলোকে আজকালের মন-মানসিকতা অনুসারেই পড়তে প্রবণ; তাতে সেগুলোর প্রকৃত ঐশ্বর্য থেকে নিজেকে বঞ্চিত করে। অতএব, এ লেখাগুলো পড়ে উপকৃত হবার জন্য আমাদের সবসময় মনে রাখতে হবে যে সেসময়কার খ্রীষ্টমণ্ডলী একপ্রকারে শিশুই ছিল: পবিত্র বাইবেল তার হাতে ছিল বটে, কিন্তু প্রাক্তন ও নব সন্ধির মধ্যকার সম্পর্ক, সাক্রামেন্ট সংক্রান্ত তত্ত্ব, মণ্ডলীর পরিচালক ব্যক্তিবর্গ ও তার কাঠামো ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলো তখনও তত গবেষণার বিষয় হয়নি। এই প্রেরিতিক পিতৃগণই প্রথম তেমন গবেষণা করতে সচেষ্ট হলেন, আর যেমনটি বলা হয়েছে, তাঁদের মন-মানসিকতা আধুনিক কালের মানুষের মন-মানসিকতা থেকে যথেষ্ট ভিন্ন ছিল বৈকি। অপর দিকে তাঁদের খ্রীষ্টমণ্ডলী ও আধুনিক খ্রীষ্টমণ্ডলী একই খ্রীষ্টমণ্ডলী অর্থাৎ একই খ্রীষ্টের দেহ যা নানা কৃষ্টি, জাতি ও কালের মানুষকে নিজের মধ্যে সুসংবন্ধ করে। সুতরাং, আজকালের মানুষ এই প্রাচীন লেখাগুলো পড়ে কেমন যেন খ্রীষ্টমণ্ডলীর নবীন আবিষ্কারের জন্য যাত্রা করতে আত্মত যাতে উদ্দীপিত হয়ে নিজের খ্রীষ্টীয় জীবন ও ভক্তি পুনর্জাগরিত করতে পারে।

### প্রেরিতিক পিতৃগণের জগৎ

প্রেরিতিক পিতৃগণের সময়ে খ্রীষ্টমণ্ডলীর পরিস্থিতি সেই একই পরিস্থিতি ছিল যা প্রেরিতদূতদের প্রাচারকর্ম চিহ্নিত করেছিল। অর্থাৎ ভৌগোলিক ও রাজনৈতিক দিক দিয়ে অর্ধেক ইউরোপ, গ্রীস দেশ, মধ্যপ্রাচ্যের ও আফ্রিকার কল্পলো দেশ (তুরস্ক, সিরিয়া, মিশর, লিবিয়া ইত্যাদি দেশগুলো) রোম সাম্রাজ্যে অন্তর্ভুক্ত ছিল; ধর্মীয় ও নৈতিক দিক দিয়ে পৌত্রিক নানা ধর্ম মানুষের মন আকর্ষণ করা সত্ত্বেও নির্মল নৈতিকতা অর্পণ করতে অক্ষমই ছিল, ফলে নৈতিক উচ্ছ্বসন রাজত্ব করত; কেবল ইহুদীধর্মই একেশ্বরবাদ ও পবিত্র নৈতিকতা সমর্থন করত, কিন্তু পরিচ্ছেদনের কারণে অনেক বিধর্মী ইহুদী ধর্ম গ্রহণ করতে ইচ্ছুক ছিল না। তেমন পরিস্থিতিতে খ্রীষ্টধর্ম অধিক সম্মানের বিষয় ছিল, বিশেষভাবে যীশুর সার্বজনীন শুভসংবাদের জন্য যা বাস্তব ও

উজ্জ্বল আত্মপ্রেমে প্রতিফলিত ছিল। যথেষ্ট অসুবিধাও দেখা দিত বলা বাহ্যিক, কেননা শ্রীষ্টধর্মের নবীনতা সেই জগতের ভিত্তি টলমান করত, ফলে শ্রীষ্টবিশ্বাসীদের যথেষ্ট অত্যাচার ও নির্যাতনেরও সম্মুখীন হতে হত, কিন্তু তাদের জ্ঞানস্ত বিশ্বাস তাতে পরাভৃত না হয়ে বরং আরও শক্তিশালী হয়ে উঠত, আর তেমন সাহসী বিশ্বাস অনেক বিধমীদের মন জয় করত। এই পরিপ্রেক্ষিতে ইঁশাসের পত্রাবলি আজও মানুষকে শ্রীষ্টভঙ্গির প্রতি অনুপ্রাণিত করে থাকে।

প্রেরিতিক পিতৃগণের আর একটি বৈশিষ্ট্য যা সত্যিকারে উল্লেখযোগ্য হল পবিত্র বাইবেলের প্রতি তাঁদের অনুরাগ যা বাইবেল বিষয়ে পুঞ্জানুপুঞ্জ জানায়ই স্থাপিত। যীশুর মত তাঁরাও নবসন্ধির শুভসংবাদ প্রাক্তন সন্ধির সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে ঘূর্ণ করতেন, তাতে প্রমাণ করতে পারতেন যে যীশু বিষয়ে শ্রীষ্টধর্ম যা যা সমর্থন করত, তা ছিল প্রাক্তন সন্ধির কতগুলো ভবিষ্যদ্বাণীর পূর্ণতা। এক কথায়, প্রেরিতিক পিতৃগণের লেখায় চারটি সুসমাচারের কথা ও নবসন্ধির কথা ও সবসময় প্রতিধ্বনিত : সেই কথার অর্থ আরও স্পষ্ট করা বা ব্যাখ্যা করা এবং সেই কথার ভিত্তিতে নতুন নতুন উপদেশ প্রদান করা, যীশুর ঐশ্বরাত্মিক মাহাত্ম্য ঘোষণা করা, শ্রীষ্টভঙ্গদের জীবনে সাক্রামেন্টগুলোর অপরিহার্য অবদান ও শ্রীষ্টমণ্ডলীর আঘাত দিক তুলে ধরাই ছিল তাঁদের প্রচারের বিষয়বস্তু যা প্রাচীন ও নব দীক্ষিতদের বলবান করে তুলত।

### বাণীপ্রচার ও বিশ্বাস-সম্প্রসারণ

সকলেই স্বীকার করে যে, সেকালের শ্রীষ্টমণ্ডলীর প্রধান প্রচেষ্টার অন্যতম ছিল বাণীপ্রচার ও শ্রীষ্টবিশ্বাস-সম্প্রসারণ। যীশুখ্রীটের প্রতি অনুরাগ ও তাঁর শুভসংবাদ বিষয়ে উৎসাহ এমনটি ছিল যে, সকলেই এই প্রচেষ্টায় অংশ নিত। রোম সাম্রাজ্যের নির্মম নির্যাতনের সম্মুখীন হয়েও কেউই পিছিয়ে যেত না, এমনকি, পরম সাক্ষ্যদাতা সেই যীশুর পক্ষে সাক্ষ্যমরণের যোগ্য বলে পরিগণিত হওয়াই ছিল সকলের আকাঙ্ক্ষা : পিতর, পল, ইঁশাস, পলিকার্প ইত্যাদি মহাব্যক্তিদের সঙ্গে বহসংখ্যক সাধারণ নর-নারী আনন্দের সঙ্গে রক্ত দান করেছিল ; অথচ শ্রীষ্টভঙ্গদের সংখ্যা কমতই না বরং বৃদ্ধিই পেত। তারা বলত, ‘সাক্ষ্যমরণের রক্তই শ্রীষ্টভঙ্গদের বীজ’ ; যেখানে শ্রীষ্টধর্ম নির্যাতিত নয়, সেখানে শ্রীষ্টবিশ্বাস প্রসারিত হয় না, কেননা অত্যাচার ও নির্যাতন শ্রীষ্টভঙ্গের বিশ্বাস, ভক্তি ও আচরণ এমনভাবে পরিশুম্বন করে যে মুখের কথার চেয়ে সেই জীবন্ত বিশ্বাস, ভক্তি ও আচরণই প্রচারকর্ম চালায়। এই সমস্ত কথা ইঁশাসের পত্রাবলিতে ও পলিকার্পের সাক্ষ্যমরণ-বৃত্তান্তে যথেষ্ট প্রমাণিত। বলা বাহ্যিক, প্রেরিতিক পিতৃগণের এই দিক আজকালের ঘূর্মন্ত ও নির্যাতনমুক্ত শ্রীষ্টভঙ্গ এই আমাদের জন্য অত্যন্ত উপযোগী।

### পিতৃগণের পরিভাষা

পিতৃগণের ধর্মীয় পরিভাষা মোটামুটি নবসন্ধির একই ভাষা, যা আজকালের ধর্মীয় পরিভাষা থেকে কিছুটা ভিন্ন হতে পারে, যেমন :

—ধন্যবাদ-স্নতি : এই বাক্য-বিশেষ খ্রীষ্টিয়াগ ও খ্রীষ্টপ্রসাদ শব্দ দু'টোর দিকেই অঙ্গুলি নির্দেশ করত ।

—পবিত্রজন : দীক্ষাম্বানের মাধ্যমে পবিত্র আত্মাকে গ্রহণ করেছিল যারা, তারা সকলেই এই বিশেষ নামে আখ্যায়িত ছিল ।

—সেই বারোজন : এঁরা হলেন যীশুর সেই মনোনীত প্রেরিতদূত (অবশ্যই, শিষ্যচরিত অনুসারে, যুদ্ধের স্থানে মাধ্যিমসকে যোগ করে দেওয়া হয়েছিল) ।

—প্রেরিতদূত : সেই বারোজন ছাড়া তাঁদেরও প্রেরিতদূত বলা হত যাঁরা আম্যমান হয়ে বাণীপ্রচারকর্মে সেই বারোজনের সহযোগিতা দিতেন ।

—নবী : যে যে খ্রীষ্টভক্ত পবিত্র আত্মার অসাধারণ অনুগ্রহদানের অধিকারী ছিলেন, তাঁদেরই নবী বলা হত । এঁরাও আম্যমান হয়ে সেই বারোজনের বাণীপ্রচারে সহযোগিতা দান করতেন ।

—শিক্ষাগুরু : যে যে খ্রীষ্টভক্তকে সেই বারোজন ধর্মীয় শিক্ষা ও উপদেশ দানের মধ্য দিয়ে বিশ্বাসীমণ্ডলীকে গেঁথে তোলার জন্য নিযুক্ত করতেন, তাঁদের শিক্ষাগুরু বলা হত । প্রেরিতদূতগণ ও নবীদের মত এঁরা সাধারণত আম্যমান ছিলেন না বরং একস্থানেই থাকতেন ।

—প্রবীণ, অধ্যক্ষ, যাজক : সেই বারোজনের নির্দেশমত যে যে ভক্তজন একটি স্থানীয় মণ্ডলীকে চালনা ও শাসন করতেন, তাঁদের প্রবীণ বা অধ্যক্ষ বলা হত । কালক্রমে অধ্যক্ষ বলতে ধর্মপাল (বিশপ), এবং প্রবীণ বলতে পুরোহিত বোঝাতে লাগল । কিন্তু, চতুর্থ শতাব্দী পর্যন্ত যাজক শব্দটা কেবল সকল খ্রীষ্টভক্তদের বেলায় ব্যবহৃত ছিল । পরবর্তীকালে যাজক নামটা পুরোহিতদের নির্দেশ করতে লাগল, তবু এব্যাপারে ভাট্টিকান মহাসভা আবার প্রাচীনকালের নিয়ম মেনে নিতে লাগল, অর্থাৎ : যাজক নামটা সকল খ্রীষ্টভক্তদের জন্যই প্রযোজ্য নাম ।

—পরিসেবক : এঁদের দায়িত্ব ছিল প্রবীণ ও অধ্যক্ষদের সহযোগিতা দান করা ।



## দিদাখে

(বারোজন প্রেরিতদুতের শিক্ষাবাণী)

[বারোজন প্রেরিতদুতের মধ্য দিয়ে বিজাতীয়দের কাছে প্রভুর শিক্ষাবাণী।]

১। পথ দু'টো আছে: একটা হল জীবন-পথ, অপরটা মৃত্যু-পথ; আর পথ দু'টোর মধ্যে বড় পার্থক্যই রয়েছে<sup>(ক)</sup>।

<sup>২</sup> জীবন-পথ এ: প্রথমত, তোমাকে সৃষ্টি করেছেন যিনি সেই ঈশ্বরকে ভালবাসবে; দ্বিতীয়ত, তোমার প্রতিবেশীকে নিজের মত ভালবাসবে<sup>(খ)</sup>। আর যা তুমি চাও না তোমার প্রতি করা হোক, তুমিও তা কাউকে করো না<sup>(গ)</sup>।

<sup>৩</sup> এখন, এই বাণীর শিক্ষা এ<sup>(ঘ)</sup>: যারা তোমাদের অভিশাপ দেয় তাদের আশীর্বাদই কর, তোমাদের শত্রুদের মঙ্গল প্রার্থনা কর, আর যারা তোমাদের নির্যাতন

‘দিদাখে’ পুস্তকটি খীঁটকর্মের আদিলগ্নে খুবই পরিচিত ছিল: দ্বিতীয় শতাব্দীতে মহান শাস্ত্র-ব্যাখ্যাতা অরিজেন ও আগেকজন্তিয়ার ক্লেমেন্ট তাতে শাস্ত্রীয় মর্যাদা আরোপ করেন। এটসেবিটস, আথানসিউস ও অন্যান্য বহু সাধুগণও শাস্ত্রীয় মর্যাদা আরোপ না করলেও তা মূল্যবান একটি পুস্তক বলে গণ্য করে নিজেদের লেখায় তা ব্যবহার করেন। অথচ দ্বাদশ শতাব্দীতে দিদাখে পুস্তকের একটিও আর পাওয়া গেল না, সবগুলো হারিয়ে গেছিল। তাই মহা আনন্দের দিন হল সেই দিন যখন, ১৮৭৩ সালে, তার একটা প্রাচীন পাণ্ডুলিপি পাওয়া যায়।

পুস্তকটির লেখকের সম্মতে আমাদের নিশ্চিত কোন খবর না থাকলেও অনুমান করা যেতে পারে আদিখ্রীটমণ্ডলীর একজন বাণীপ্রচারক নিজের প্রচারকর্মের সহায়ক পুস্তক বলে কতগুলো শিক্ষাবাণী সঙ্কলিত করেছিলেন; সম্ভবত পুস্তকটি ‘দুই পথ’ বলে পরিচিত ইহুদী একটা (হারানো) ধর্মীয় পুস্তকের উপর ও স্থানীয় কোন একটা খ্রীষ্টমণ্ডলীর উপাসনা-রীতি ও পরিচালনা-কাঠামোর উপর নির্ভর করে, এবং (হয় ত) পরবর্তীকালে তাতে কতগুলো উষ্টি যোগ দেওয়া হয় যেগুলো অয়ং যীশুর নানা বাণীর প্রতিধ্বনি। পুস্তকটি সম্ভবত ৬০ খ্রীষ্টাব্দে, আন্তিগতিয়ায়, লিপিবদ্ধ হয়। তার কাঠামো এরূপ:

১-৬ অধ্যায় :	নৈতিক নির্দেশাবলি
৭-১০ অধ্যায় :	উপাসনা-সংক্রান্ত নির্দেশাবলি
১১-১৫ অধ্যায় :	শাসনমূলক নির্দেশাবলি
১৬ অধ্যায় :	উপসংহার

(ক) যেরে ২১:৮।

(খ) দ্বিঃবিঃ ৬:৫; লে ১৯:১৮; মথি ২২:৩৭-৩৯।

(গ) তোবিত ৪:১৫।

(ঘ) এখান থেকে শুরু ক'রে ২ অধ্যায় পর্যন্ত যে যে বচন উল্লিখিত, সেগুলো সম্ভবত মূল হিস্তে পাণ্ডুলিপিতে অন্তর্ভুক্ত ছিল না।

করে তাদের জন্য উপবাস পালন কর। কেননা যারা তোমাদের ভালবাসে, তাদেরই ভালবাসলে তোমাদের কী মজুরি হবে? কর-আদায়কারীরাও কি সেইমত করে না? তোমরা কিন্তু তোমাদের ঘৃণা করে যারা তাদেরই ভালবাস<sup>(ক)</sup>, তাতে তোমাদের কোন শক্তি থাকবে না।

<sup>৮</sup> দেহিক ও হীন লালসা থেকে দূরে থাক।

যে কেউ তোমার ডান গালে চড় মারে, অন্য গালও তার দিকে ফিরিয়ে দাও<sup>(খ)</sup>; তবেই সিদ্ধপূরুষ হবে।

যে কেউ এক মাইল যেতে তোমাকে বাধ্য করে, তার সঙ্গে দুই মাইল পথ চল।

যে কেউ তোমার জামা নেয়, তাকে চাদরও দাও<sup>(গ)</sup>।

যে কেউ তোমার কাছ থেকে তা-ই নেয় যা তোমারই, তা আদায় করো না, কেননা তাতে তুমি অক্ষম।

<sup>৯</sup> যে কেউ তোমার কাছে যাচ্না করে, তাকে দাও, মুখ ফিরিয়ে নিয়ো না<sup>(ঘ)</sup>, কেননা পিতার ইচ্ছাই আমরা যে যে উপকার পেয়েছি তা সকলকে দেব।

সুধী সেই জন যে আজ্ঞা অনুসারে দানশীল, কেননা সে নির্দোষ। কিন্তু যে গ্রহণ করে নেয় তাকে ধিক! কেননা যে কেউ অভাবের চাপে গ্রহণ করে সে নির্দোষ, কিন্তু অভাবী না হয়ে যে কেউ গ্রহণ করে নেয় তাকে কৈফিয়াত দিতে হবে কেন ও কীজন্যই গ্রহণ করেছে। তাকে কারাগারে দেওয়া হবে, তার ব্যবহারের বিষয়ে তাকে জেরা করা হবে, এবং শেষ কড়িটা শোধ না করা পর্যন্ত সে কোনমতে সেখান থেকে বেরিয়ে আসতে পারবে না। <sup>১০</sup> এবিষয়ে আরও বলা হয়েছে: তোমার অর্থদান তোমার হাতের ঘামে ভিজে যাক যতক্ষণ না জান কাকে অর্থদান করতে যাচ্ছ<sup>(ঙ)</sup>।

## ২। শিক্ষাবাণীর দ্বিতীয় অংশ:

<sup>১</sup> নরহত্যা করবে না, ব্যভিচার করবে না, সমকামী হবে না, যৌন-অনাচার করবে না, চুরি করবে না, যাদু বা মন্ত্র অনুশীলন করবে না, ভূগহত্যা করবে না, নবজাত শিশুকে হত্যা করবে না।

প্রতিবেশীর সম্পদ লোভ করবে না। <sup>২</sup> মিথ্যাশপথ করবে না, মিথ্যাসাক্ষ্য দেবে না, পরনিন্দা করবে না<sup>(ঘ)</sup>, মনে মনে ক্রোধ রাখবে না।

<sup>৩</sup> দু-মনা বা দ্বিজিহ্ব হবে না, কেননা দ্বিজিহ্ব হওয়াই হল মরণ-ঝাঁদ।

<sup>৪</sup> তোমার কথন মিথ্যা ও অসার হবে না, বরং হবে কাজকর্মে প্রমাণিত।

(ক) মথি ৫:৪৪-৪৬; লুক ৬:২৭-২৮,৩২,৩৫।

(খ) মথি ৫:৩৯; লুক ৬:২৯।

(গ) মথি ৫:৪১-৪১; লুক ৬:২৯।

(ঘ) মথি ৫:৪২; লুক ৬:৩০।

(ঙ) এই বাক্য বাইবেলে পাওয়া যায় না। সম্ভবত বাক্যটি বেন-সিরা ১২:১ ভিত্তিক।

(চ) যাত্রা ২০তে অন্তর্ভুক্ত আজ্ঞাগুলি ছাড়া এখানে কতগুলো নিষেধাজ্ঞা যুক্ত আছে যেগুলো পৌত্রলিঙ্গের মধ্যে প্রচলিত কুঅভ্যাস লক্ষ করে।

<sup>৬</sup> কৃপণ হবে না, লোভীও নয়, মিথ্যাবাদীও নয়, পরনিন্দুকও নয়, গর্বিতও নয়; তোমার প্রতিবেশীর বিরুদ্ধে কুমতলবও আঁটবে না।

<sup>৭</sup> কাউকেই ঘৃণা করবে না; অবশ্যই কাউকে ভৰ্তসনা করতেই হবে, আবার কারও মঙ্গল প্রার্থনা করতেই হবে, আবার তোমার নিজের জীবনের চেয়ে কাউকে ভালবাসতেই হবে।

৩। বৎস আমার, যত অনিষ্ট, এমনকি, যা কিছু অনিষ্টকর মনে হয় তা থেকে দূরে পালাও।

<sup>৪</sup> ক্রোধপ্রবণ হবে না, কেননা ক্রোধ মানুষকে নরহত্যায় চালিত করে। হিংসাপ্রবণও হবে না, ঝগড়াটেও নয়, হিংস্রও নয়, কেননা এই সমস্ত অনিষ্ট থেকেই নরহত্যার উদ্ভব হয়।

<sup>৫</sup> বৎস আমার, লম্পট হবে না, কেননা লাম্পট্য ব্যভিচারেই চালিত করে; কথমে দৃষ্টিতে অশ্লীল হবে না, কেননা এই সমস্ত অনিষ্ট থেকেই ব্যভিচারের উদ্ভব হয়।

<sup>৬</sup> বৎস আমার, [অসার] দৈববাণীর উপর নির্ভর করবে না, কেননা দৈববাণী প্রতিমাপূজায় চালিত করে; মন্ত্রজালিকও হবে না, গণকও নয়, যাদুকরও নয়; তেমন কিছু শোনা ও দেখা থেকে বিরত থাকবে, কেননা এসব কিছু থেকেই প্রতিমাপূজার উদ্ভব হয়।

<sup>৭</sup> বৎস আমার, মিথ্যাবাদী হবে না, কেননা মিথ্যাকথন চুরিতেই চালিত করে; অর্থনোভীও হবে না, অসার গৌরবের অন্ধেষ্ঠীও নয়, কেননা এসব কিছু থেকেই চুরির উদ্ভব হয়।

<sup>৮</sup> বৎস আমার, বিড়বিড় করবে না, কেননা বিড়বিড়ানি পরনিন্দায় চালিত করে; অহঙ্কারীও হবে না, অমঙ্গলকামীও নয়, কেননা এসব কিছু থেকেই পরনিন্দার উদ্ভব হয়।

<sup>৯</sup> তুমি বরং হবে বিনম্র, কেননা বিনম্ররাই পাবে দেশের উত্তরাধিকার (<sup>ক</sup>)। <sup>১০</sup> আবার তুমি হবে ধৈর্যশীল, দয়াবান, সত্যবাদী, শান্তিপ্রিয় ও মঙ্গলকর। যে শিক্ষাবাণী শুনে আসছ, তা সম্ভবেই গ্রহণ কর।

<sup>১১</sup> বড়ই করবে না, নিজের প্রাণও দর্পিত হতে দেবে না। গর্বোদ্ধৃতদের সঙ্গে মেলামেশা করবে না, বরং ন্যায়নিষ্ঠ ও বিনম্র যারা তাদেরই সঙ্গে পথ চল।

<sup>১২</sup> তোমার যা কিছু ঘটে তা মঙ্গল বলেই গ্রহণ করে নাও, একথা জেনে যে, ঈশ্বরের ইচ্ছা ছাড়া কিছুই ঘটে না।

৪। বৎস আমার, ঈশ্বরের বাণী যিনি তোমার কাছে প্রচার করেন, তাঁকে দিবারাত্রি স্মরণ কর, তাঁকে প্রতুকেই যেন সম্মান কর, কেননা যেখানে প্রতুর মাহাত্ম্যের কথা প্রচারিত সেখানে তিনি উপস্থিত। <sup>১৩</sup> প্রতিদিন পবিত্রজনদের মুখ দেখতে চেষ্টা কর (<sup>খ</sup>), যাতে তাদের বাণীতে সান্ত্বনা পেতে পার। <sup>১৪</sup> বিভেদ বাসনা করো না, যারা রেষারেষি-

(ক) সাম ৩৭:১১; মথি ৫:৫।

(খ) নব সন্ধির ভাষায়, পবিত্রজন বলতে শ্রীষ্টভক্ত বোঝায়; সুতরাং, এখানে শ্রীষ্টভক্তদের উপাসনা-অনুষ্ঠানে যোগ দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

করে তাদের মধ্যে বরং পুনর্মিলনই আনবে। বিচার সম্পাদনে ন্যায়বান হও, অপরাধের তৎসনাকালে নিরপেক্ষতা দেখাও।

<sup>৪</sup> ঘটবে কি ঘটবে না, এবিষয়ে দু-মনা হবে না<sup>(ক)</sup>।

<sup>৫</sup> তুমি তাদেরই একজন হবে না যারা গ্রহণ করার জন্য হাত পাতে কিন্তু দেওয়ার সময়ে হাত ফিরিয়ে নেয়। <sup>৬</sup> তোমার কাজের ফলে যখন কিছু অর্জন কর, তখন তোমার পাপকর্মের প্রায়শিত্ত্যপে কিছুটা দান কর। <sup>৭</sup> যখন অর্থদান করবে, তখন দ্বিধান্ত হবে না, গজগজও করবে না, তাঁরই কথা স্মরণ ক'রে যিনি তোমার অর্থদানের প্রতিদানদাতা।

<sup>৮</sup> অভাবীকে দূর করে দেবে না, তুমি বরং তোমার ভাইয়ের সঙ্গেই তোমার সবকিছুর অংশভাগিতা করবে, এবং এমন কথা বলবে না যে, সেই সবকিছু তোমারই। কেননা তোমরা যখন অনশ্বর বস্তুর অংশভাগী, তখন কি অধিকতর কারণে নশ্বর বস্তুরই অংশভাগী হবে না?

<sup>৯</sup> তোমার ছেলে কিংবা মেয়ের প্রতি তোমার হাত যেন বেশি হালকা না হয়, বরং তাদের ঘোবনকাল থেকেই তাদের প্রভুত্ব শেখাবে।

<sup>১০</sup> তোমার ক্রীতদাস-দাসীকে উগ্র আজ্ঞা দেবে না (তারা তো একই প্রভুতেই ভরসা রাখে), যেন এমনটি না ঘটে যে তারা সেই ঈশ্বরভয় হারায় যে-ঈশ্বর তোমাদের উভয়েরই প্রভু। কেননা প্রভু ব্যক্তি-পক্ষপাত অনুসারে মানুষকে আহ্বান করতে আসেননি, বরং আজ্ঞা দ্বারা যাদের প্রস্তুত করা হয়েছে তাদেরই আহ্বান করেন।

<sup>১১</sup> কিন্তু তোমরা, হে ক্রীতদাস, তোমাদের প্রভুদের প্রতি কেমন যেন ঈশ্বরের প্রতিনিধিদেরই প্রতি সসম্মানে ও সভয়ে বশীভূত হও।

<sup>১২</sup> যা কিছু মিথ্যা, সেসব কিছু ঘৃণা কর, যাতে প্রভু প্রীত নন তাও ঘৃণা কর।

<sup>১৩</sup> প্রভুর আজ্ঞাবলি কখনও অবহেলা করবে না, বরং যেইভাবে সেগুলো গ্রহণ করেছিলে সেইভাবে সেগুলো পালন কর, আর সেগুলোতে কিছু যোগও দেবে না, সেগুলো থেকে কিছু বাতিলও করবে না<sup>(খ)</sup>।

<sup>১৪</sup> জনমণ্ডলীতে তোমার অপরাধ স্বীকার করবে<sup>(গ)</sup>, প্রার্থনাসভায়ও মন্দ বিবেক নিয়ে যোগ দেবে না।

এটিই জীবন-পথ।

#### ৫। কিন্তু মৃত্যু-পথ এ:

প্রথমত, পথটা অমঙ্গলময় ও অভিশাপে পরিপূর্ণ যথা: নরহত্যা, কুকামনা, লালসা, ব্যভিচার, চুরি, প্রতিমাপূজা, যাদুকর্ম, মন্ত্র-তন্ত্র, অপহরণ, মিথ্যাসাক্ষ্য, মিথ্যাকথা, দু-মনা ভাব, প্রতারণা, গর্ব, মন্দতা, অহংকার, কৃপণতা, কটুবাক্য, ঈর্ষা, দস্ত, উদ্বৃত ভাব, বড়াই।

(ক) এই উক্তির অর্থ রহস্যময়। হয়ত প্রার্থনার ফল সম্বন্ধে দুশ্চিন্তা না করার পরামর্শ দেওয়া হচ্ছে।

(খ) দ্বিঃবিঃ ৬:২; ১২:৩২।

(গ) এমন পাপস্থীকারের কথা ইঙ্গিত করা হচ্ছে যা সর্বসমক্ষে করণীয়; সুতরাং, পুনর্মিলন সাক্ষাত্মেন্তের দিকে অঙ্গুলি নির্দেশ করা হচ্ছে না।

<sup>২</sup> ওরা মঙ্গল নির্যাতন করে, সত্য হিংসা করে, মিথ্যা ভালবাসে, ধার্মিকের মজুরি মানে না, শুভকর্ম সাধন করে না, বিচার সম্পাদনে ন্যায় সমর্থন করে না, মঙ্গলের জন্য নয়, কুকর্মের জন্যই সর্বদা প্রস্তুত, বিন্যুতা ও ধৈর্য থেকে দূরবর্তী, অসার সমষ্টি কিছু ভালবাসে, প্রতিদানের অগ্রেছণ করে, গরিবের প্রতি দয়াবান নয়, ব্যাখ্যিগ্রন্থ মানুষের সমব্যথী নয়, নির্মাণকর্তাকে চেনে না, সন্তানদের হত্যা করে, ঈশ্বরের সৃষ্টি ভূগ হত্যা করে, অভাবীকে দুরে সরিয়ে দেয়, কষ্টভোগীকে অত্যাচার করে, ধনবানদের পক্ষে ওকালতি করে, দীনদের অন্যায্যতার সঙ্গে বিচার করে; ওরা যত পাপকর্মে পরিপূর্ণ।

সন্তান আমার, ওদের কাছ থেকে তোমরা যেন রেহাই পাও!

৬। সতর্ক থাক যেন কেউই এই শিক্ষাবাণী থেকে তোমাকে পথভ্রষ্ট না করে; তেমন মানুষ ঈশ্বরের মন অনুসারে শিক্ষাদান করে না।

<sup>৩</sup> তুমি যদি প্রভুর পুরাটা জোয়াল বহন করতে পার, তাহলে সিদ্ধপুরুষ হবে; কিন্তু যদি না পার, তাহলে ঘোটুকু পার সেটুকু কর। <sup>৪</sup> খাদ্য সমঙ্গে যা যা পালন করতে পার তা পালন কর; কিন্তু তবুও দেবতাদের উদ্দেশে উৎসর্গীকৃত খাদ্য থেকে নিজেকে বিরত রাখ, কেননা সেটা হল মৃত দেবতাদের প্রতি উপাসনা <sup>(ক)</sup>।

৭। দীক্ষামানের কথা বলতে গিয়ে, এভাবে দীক্ষামান সম্পাদন কর: শ্রোত-জনের মধ্যেই পিতা ও পুত্র ও পবিত্র আত্মা-নামের উদ্দেশে দীক্ষামান সম্পাদন কর; <sup>২</sup> কিন্তু শ্রোত-জল না থাকলে অন্য জলে দীক্ষামান সম্পাদন কর; ঠাণ্ডা জলে যদি না পার, তাহলে গরম জলে তা সম্পাদন কর। <sup>৩</sup> জলের অভাব থাকলে তবে পিতা ও পুত্র ও পবিত্র আত্মা-নামের উদ্দেশে জল মাথার উপরে তাল।

<sup>৪</sup> দীক্ষামানের আগে দীক্ষাপ্রার্থী ও দীক্ষা-সম্পাদনকারী দু'জনেই উপবাস পালন করুক, পারলে অন্যান্যরাও করুক। কিন্তু দীক্ষাপ্রার্থীকে কমপক্ষে দুই তিন দিন উপবাস পালন করার জন্য আহ্বান করবে।

৮। তোমরা ভগ্নদের সঙ্গে উপবাস পালন করবে না; ওরা মঙ্গলবার ও বৃহস্পতিবার উপবাস পালন করে, কিন্তু তোমরা বুধবার ও শুক্রবার <sup>(খ)</sup> উপবাস পালন করবে।

<sup>২</sup> ভগ্নদের মত প্রার্থনাও করবে না, কিন্তু নিজ সুসমাচারে <sup>(গ)</sup> প্রভু যেমন শিক্ষা দিয়েছিলেন, তেমনি তোমরা বলবে:

হে আমাদের স্বর্গস্থ পিতা,  
তোমার নামের পবিত্রতা প্রকাশিত হোক,

(ক) রোমীয় ১৬ দ্বষ্টব্য।

(খ) ‘ওরা’, অর্থাৎ ইহুদীরা। শুক্রবারের উপবাস যীশুর যন্ত্রণাভোগ স্মরণেই পালিত হয়।

(গ) এখানে সুসমাচার বলতে যীশুর প্রচারিত সার্বিক শুভসংবাদও বোঝায়। উল্লিখিত প্রভুর প্রার্থনা মোটামুটি মাত্র ৬ অনুসারে।

তোমার রাজ্যের আগমন হোক,  
 তোমার ইচ্ছা যেমন স্বর্গে তেমনি মর্তেও পূর্ণ হোক।  
 আমাদের দৈনিক খাদ্য আজ আমাদের দান কর;  
 এবং আমাদের অপরাধ ক্ষমা কর,  
 যেমন আমরাও আমাদের অপরাধীদের ক্ষমা করেছি;  
 আর আমাদের পরীক্ষার সম্মুখীন হতে দিয়ো না,  
 কিন্তু সেই ধূর্তজনের হাত থেকে আমাদের নিষ্ঠার কর।  
 কারণ পরাক্রম ও গৌরব যুগে যুগে তোমারই। আমেন।

° তোমরা দিনে তিনবার এভাবে প্রার্থনা করবে।

৯। আর ধন্যবাদ-স্তুতি বিষয়ে তোমরা এভাবে ধন্যবাদ-স্তুতি <sup>(ক)</sup> জানাও :

২ আগে পানপাত্র সম্বন্ধে বল :

হে আমাদের পিতা,  
 তোমার দাস দাউদের সেই পবিত্র আঙুরলতার জন্য <sup>(খ)</sup>

আমরা তোমাকে ধন্যবাদ জানাই

যা তুমি তোমার দাস <sup>(গ)</sup> যীশু দ্বারা আমাদের কাছে জ্ঞাত করেছ।

গৌরব তোমারই চিরকাল ধরে। [আমেন।]

° তারপর সেই ছেঁড়া বুটি সম্বন্ধে বল :

হে আমাদের পিতা,  
 সেই জীবন ও জ্ঞানের জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই  
 যা তুমি তোমার দাস যীশু দ্বারা আমাদের কাছে জ্ঞাত করেছ।  
 গৌরব তোমারই চিরকাল ধরে।

<sup>৪</sup> এ ছেঁড়া বুটি যেমন পর্বত পর্বত জুড়ে বিক্ষিপ্ত ছিল  
 ও একসাথে জড় হয়ে এখন একবুটি হয়ে উঠেছে,  
 তেমনি তোমার মণ্ডলী যেন পৃথিবীর প্রান্তসীমা থেকে তোমার রাজ্যে

জড় হয়,

কারণ যীশুখীষ্ট দ্বারা গৌরব ও পরাক্রম তোমারই চিরকাল ধরে।  
 আমেন।

(ক) সুসমাচারের বর্ণনা অনুসারে, বিদায়-ভোজে প্রভু বুটি হাতে নিয়ে ধন্যবাদ-স্তুতি জানিয়েছিলেন, অর্থাৎ পিতা দৈশ্বরের মঙ্গলময়তার জন্য তাঁর স্তুতি-বন্দনা করেছিলেন। এজন্য আদিশ্বীষ্টমণ্ডলীর সময়, বুটি-ছেঁড়া ও প্রভুর ভোজ ছাড়া বিদায়-ভোজের স্মারক অনুষ্ঠানের আর এক নাম ছিল ‘ধন্যবাদ-স্তুতি’। আরও, ‘ধন্যবাদ-স্তুতি’ বলতে খীঁটযাগ ও খীঁটপ্রসাদও বোঝায়।

(খ) কাকে নির্দেশ করা হচ্ছে, সেবিষয়ে ব্যাখ্যাতাদের মধ্যে বিমত রয়েছে। প্রস্তাবিত সমাধান হল :  
 স্বয়ং যীশু, ভক্তমণ্ডলী, কিংবা ভোজের আঙুররস।

(গ) প্রভুর কষ্টভোগী দাসের ভবিষ্যদ্বাণী (ইসা ৪২...) যীশুতে পূর্ণতা লাভ করেছে।

<sup>৫</sup> প্রভুর নামে যারা দীক্ষায়িত, তারা ছাড়া কেউই যেন তোমাদের ধন্যবাদ-স্তুতির <sup>(ক)</sup> কিছুই না খায় বা পান না করে; কেননা এবিষয়েও প্রভু বলেছেন, যা পবিত্র, তা কুকুরদের দিয়ে না <sup>(খ)</sup>।

১০। খাদ্য গ্রহণে পরিত্বষ্ট <sup>(গ)</sup> হলে পর, তোমরা এভাবে ধন্যবাদ-স্তুতি জানাও :

<sup>২</sup> হে পবিত্রতম পিতা,  
তোমার সেই পবিত্র নামের জন্য  
আমরা তোমাকে ধন্যবাদ জানাই  
যা তুমি আমাদের হৃদয়ে বাস করিয়েছ;  
সেই জ্ঞান, বিশ্বাস ও অমরত্বের জন্যও ধন্যবাদ জানাই  
যা তুমি তোমার দাস যীশু দ্বারা  
আমাদের কাছে ভাত করেছ।  
গৌরব তোমারই চিরকাল ধরে। আমেন।

<sup>৩</sup> হে সর্বশক্তিমান মহাপ্রভু,  
তুমি তোমার নামের খাতিরেই সমস্ত কিছু সৃষ্টি করেছ ;  
মানুষকে তুমি খাদ্য ও পানীয় ভোগ করতে দিয়েছ  
তারা যেন তোমাকে ধন্যবাদ জানায় ;  
আমাদের কিন্তু তোমার দাস দ্বারা তুমি  
আত্মিক খাদ্য ও পানীয়, ও শাশ্঵ত আলো দানেই ধন্য করেছ।

<sup>৪</sup> সর্বোপরি আমরা তোমাকে ধন্যবাদ জানাই  
কারণ তুমি পরাক্রমশালী।

গৌরব তোমারই চিরকাল ধরে।

<sup>৫</sup> প্রভু, তোমার মণ্ডলীর কথা স্মরণে রাখ,  
সমস্ত অঙ্গল থেকে তাকে রক্ষা কর,  
তোমার ভালবাসায় তাকে সিদ্ধতামত্ত্বিত কর,  
চারপ্রান্ত থেকে তাকে জড় ক'রে <sup>(ঘ)</sup>  
তোমার সেই রাজ্যে পবিত্রিত করে তোল যা তার জন্য প্রস্তুত করেছ।

কারণ পরাক্রম ও গৌরব তোমারই চিরকাল ধরে। আমেন।

<sup>৬</sup> অনুগ্রহেরই আগমন হোক ও এসংসার কেটে যাক।  
দাউদের দৈশ্বরের হোসান্না !

(ক) এখানে ধন্যবাদ-স্তুতি বলতে শ্রীষ্টপ্রসাদ বোঝায়।

(খ) মঢ়ি ৭:৬।

(গ) অর্ধাং, আধ্যাত্মিক দিক দিয়েই পরিত্বষ্ট। এক্ষেত্রে লক্ষণীয় বিষয় হল এই যে, এই ‘ধন্যবাদ-স্তুতিতে’ রূটি ও আঙুরস খ্রীটের দেহ-রক্তে পরিণত করার প্রার্থনার কোন উল্লেখ নেই; এর কারণ, ‘দিদাখে’ পুষ্টিকা পুরোহিতদের নয়, ভক্তদেরই উদ্দেশ করে শিক্ষা দেয়।

(ঘ) মঢ়ি ২৪:৩।

যে কেউ পবিত্র, সে এগিয়ে আসুক !  
 যে কেউ পবিত্র নয়, সে মনপরিবর্তন করুক <sup>(ক)</sup> :  
 মারানাথা <sup>(খ)</sup>, আমেন।

<sup>১</sup> কিন্তু নবী ঘারা, তারা যেইভাবে ইচ্ছা করে, তাদের সেইভাবে ধন্যবাদ-স্নতি জানাতে দেওয়া হোক।

১১। সুতরাং, যে কেউ এসে এ সমষ্টি কথা শেখায় তাকে গ্রহণ কর ; <sup>২</sup> কিন্তু লোকটা নকল শিক্ষাগুরু হলে কিংবা এই সমষ্টি কথা নাশ করার জন্য অন্য ধরনের ধর্মশিক্ষা শেখালে তোমরা তাকে শুনো না। কিন্তু তার শিক্ষার উদ্দেশ্য ধর্মময়তা ও ঈশ্বরজ্ঞান হলে তবে প্রভুকেই যেন তাকে গ্রহণ কর।

<sup>৩</sup> আর প্রেরিতদৃত ও নবীদের বেলায়, সুসমাচারের নিয়ম অনুসারেই ব্যবহার কর। <sup>৪</sup> যে কোন প্রেরিতদৃত তোমাদের কাছে আসেন, তাঁকে প্রভুকেই যেন গ্রহণ কর ; <sup>৫</sup> তিনি একদিনের বেশি যেন না থাকেন, প্রয়োজন হলে আর এক দিন থাকতে পারবেন ; কিন্তু লোকটা তিনি দিন থাকলে সে নকল নবী <sup>(গ)</sup>। <sup>৬</sup> আর বিদ্যায় নেওয়ার সময়ে সেই প্রেরিতদৃত তাঁর ঘাতার পরবর্তী স্থান পেঁচবার জন্য প্রয়োজনীয় রুটি ছাড়া অন্য কিছুই সঙ্গে নেবেন না ; লোকটা অর্থ চাইলে সে নকল নবী।

<sup>৭</sup> যে নবী আঘাত প্রেরণায় কথা বলেন, তাঁকে তোমরা ঘাটাই বা পরীক্ষা করবে না, কেননা যে কোন পাপ ক্ষমা করা হবে, কিন্তু এই পাপের ক্ষমা হবে না <sup>(ঘ)</sup>। <sup>৮</sup> যে কেউ প্রেরণার বশে কথা বলে সে যে নবী এমন নয়, সে-ই নবী, ঘার ব্যবহার প্রভুর ব্যবহারের মত। সুতরাং ব্যবহারের মধ্য দিয়েই নকল ও প্রকৃত নবীকে নির্ণয় করা যাবে।

<sup>৯</sup> প্রেরণার বশে যে নবী তোজনের আয়োজন আজ্ঞা করেছেন, সেই নবী সেই তোজনে অংশ নেবেন না, অন্যথা লোকটা নকল নবী। <sup>১০</sup> যে কোন নবী সত্য শেখায় অর্থ শেখানো সত্য অনুসারে চলে না, সে নকল নবী।

<sup>১১</sup> অপরদিকে, পরীক্ষাসিদ্ধ ও সত্যকার এক নবী যদি মণ্ডলীর সার্বিক সেবায় নিয়োজিত থাকেন এবং তিনি যা যা করেন যদি অন্যদের তেমনটি করতে না শেখান <sup>(ঙ)</sup>, তাহলে তোমরা তাঁকে বিচার করবে না, কেননা বিচার ঈশ্বরেরই। আসলে, প্রাচীনকালের নবীরাও তেমনি করেছিলেন। <sup>১২</sup> কিন্তু যে কেউ প্রেরণার বশে ‘আমাকে অর্থ দাও’ কিংবা এধরনের অন্য কথা বলে, তাকে তোমরা শুনবে না। কিন্তু নবী অন্য

(ক) অর্থাৎ, যে কেউ শ্রীষ্টবিশ্বাসী, সে শ্রীষ্টপ্রসাদ গ্রহণ করার জন্য এগিয়ে আসুক ; যে কেউ শ্রীষ্টবিশ্বাসী নয়, সে দীক্ষাগ্নান গ্রহণ করুক।

(খ) ‘মারানাথা’ : আরামীয় বাক্য-বিশেষ ঘার অর্থই : এসো, আমাদের প্রভু (১ করি ১৬:২২; প্রত্যা ২২:২০)। অনুবাদাত্তরে : মারান্ত আথা, ঘার অর্থ দাঁড়ায়, প্রভু আসছেন।

(গ) ঘাঁদের কথা এখানে বলা হচ্ছে, তাঁরা ছিলেন সেই বারোজনের সহকারী ব্যক্তিবৃন্দ (ভূমিকা দ্রঃ)।

(ঘ) অর্থাৎ, তেমন পাপ হল পবিত্র আঘাত বিরুদ্ধে পাপ, যা বিষয়ে মথি ১২:৩১ দ্রঃ।

(ঙ) হয়ত কোমার্থ সংক্রান্ত কিংবা প্রতীকমূলক কোন ধর্মানুষ্ঠান সংক্রান্ত শিক্ষার কথা বলা হচ্ছে।

অভাবগ্রস্তদেরই জন্য তোমাদের অর্থদান করতে বললে, তাহলে কেউই যেন তাঁকে বিচার না করে।

১২। যে কেউ প্রভুর নামে আসছে তাকে গ্রহণ করা হোক<sup>(ক)</sup>; কিন্তু পরবর্তীকালে তাকে যাচাই করে জেনে নাও সে কে; কেননা বাঁ হাত থেকে ডান হাত নির্ণয় করার জন্য তোমাদের তো বোধ আছে।

<sup>২</sup> লোকটি অমণকারী হলে তাকে যথাসাধ্য সাহায্য কর; কিন্তু তবুও সে যেন তোমাদের কাছে দু' দিন, কিংবা প্রয়োজন হলে, তিনি দিনের বেশি না থাকে। <sup>৩</sup> সে যদি তোমাদের মধ্যে বাস করতে ইচ্ছা করে ও একটা কাজ জানে, তাহলে সে নিজের উপার্জনের জন্য নিজেই কাজ করুক। <sup>৪</sup> কিন্তু, সে যদি কোন কাজ না জানে, তাহলে সুবুদ্ধির সঙ্গে একটা ব্যবস্থা কর, যাতে তোমাদের মধ্যে খীষ্টান বলে কোন নিষ্কর্মা জীবনযাপন না করে। <sup>৫</sup> তাতে রাজি না হলে লোকটা খীষ্টকে নিয়ে ব্যবসাই করে; তেমন লোকের বিষয়ে সতর্ক থাক।

১৩। অপরদিকে, যে কোন প্রকৃত নবী তোমাদের মধ্যে বাস করতে ইচ্ছা করেন, তিনি খাদ্য পাবার অধিকার রাখেন; <sup>৬</sup> একই প্রকারে প্রকৃত শিঙ্কাগুরুও, যে কোন মজুরের ন্যায়, খাদ্য পাবার অধিকার রাখেন<sup>(খ)</sup>। <sup>৭</sup> সুতরাং তোমার আঙুরপেঁচাইযন্ত্র, খামার, বলদ ও মেঘের প্রথমফল তুলে নিয়ে তা নবীদের দান কর, কেননা তাঁরাই তোমাদের মহাযাজক<sup>(গ)</sup>। <sup>৮</sup> তোমাদের মধ্যে কোন নবী না থাকলে তা গরিবদের দান কর।

<sup>৯</sup> বুটি তৈরি করলে তার প্রথমফল তুলে নাও, ও আজ্ঞা অনুসারে দান কর। <sup>১০</sup> একই প্রকারে, যখন আঙুররস বা তেলের একটি পাত্র খোল, তার প্রথমফল নবীদেরই দান কর। <sup>১১</sup> যেভাবে তুমি ভাল মনে কর, সেই অনুসারে অর্থ, কাপড় ও তোমার যত সম্পদেরও প্রথমফল তুলে নিয়ে আজ্ঞা অনুসারে তা দান কর।

১৪। প্রভুর দিনে তোমরা একত্র হও, ও বুটি ছিঁড়ে ধন্যবাদ-স্তুতি জানাও—আগে কিন্তু তোমাদের অপরাধ স্বীকার কর, যাতে তোমাদের এ যজ্ঞ বিশুদ্ধ হয়।

<sup>১২</sup> প্রতিবেশীর সঙ্গে যাদের বিবাদ আছে, পুনর্মিলিত না হওয়া পর্যন্ত তারা যেন তোমাদের সঙ্গে না বসে, পাছে তোমাদের যজ্ঞ কল্পিত হয়। <sup>১৩</sup> কেননা প্রভু একথা বললেন, সর্বস্তানে ও সর্বক্ষণে আমার উদ্দেশ্যে শুন্দ যজ্ঞ উৎসর্গ করা হোক, কারণ আমি মহান রাজা—প্রভুর উক্তি—আর সর্বদেশের মাঝে আমার নাম অপরূপ<sup>(ঘ)</sup>।

১৫। সুতরাং নিজেদের জন্য প্রভুর যোগ্য অধ্যক্ষ ও পরিসেবক নিযুক্ত কর: তাঁরা

(ক) সাম ১১৮:২৬; মথি ২১:৯।

(খ) মথি ১০:১০।

(গ) নবী সেই প্রথমফল পাবার অধিকার রাখেন যা ইহুদী মহাযাজকগণের পাবার কথা।

(ঘ) মালাখি ১:১। খীষ্ট্যাগ তখনই শুন্দ যখন ভক্তজনদের মধ্যে আত্মপ্রেম বিরাজ করে।

যেন হন নম্ব মানুষ, অর্থলালসা থেকে মুক্ত, সত্যবাদী ও পরীক্ষাসিদ্ধ, কেননা তোমাদের মধ্যে তাঁরা নবী ও শিক্ষাগুরুর ভূমিকা পালন করেন।<sup>১</sup> তাই তাঁদের অবজ্ঞা করবে না, কেননা নবী ও শিক্ষাগুরুদের সঙ্গে তাঁরাই তোমাদের মধ্যে সবচেয়ে সম্মাননীয় ব্যক্তি।

<sup>২</sup> একে অপরকে ভৎসনা কর, কিন্তু ক্রোধভরে নয় বরং শাস্তিতে, যেইভাবে সুসমাচার শেখায়। যে কেউ প্রতিবেশীকে অপমান করে কেউই যেন তার সঙ্গে কথা না বলে, মন না ফেরালে পর্যন্ত সে যেন তোমাদের কাছ থেকে কোন কথা না শুনতে পায়।

<sup>৩</sup> তোমাদের প্রার্থনা, অর্ঘদান ও সমষ্ট কাজ সেইভাবে সাধন কর যেইভাবে আমাদের প্রভুর সুসমাচারে নির্দেশ করা আছে।

১৬। তোমাদের জীবনধারণের বিষয়ে সজাগ থাক: তোমাদের প্রদীপ যেন নিভে না যায় ও তোমাদের কোমরের বাঁধন যেন খুলে না যায়, বরং তৈরী থাক, কেননা কোন্‌ প্রহরে আমাদের প্রভু আসবেন তা জান না<sup>(ক)</sup>।<sup>৪</sup> যা যা তোমাদের প্রাণের উপকারিতায় আসে তা ভাবার জন্য বারবার একত্রে সম্মিলিত হও। শেষ ক্ষণে যদি সিদ্ধপুরুষ না হয়ে থাক তবে সবসময় বিশ্বাস-পথে চলতে থাকা অর্থহীন হবে।

<sup>৫</sup> কেননা সেই অস্তিম দিনগুলিতে নকল নবীদের সংখ্যা ও পরকে দূষিত করে যারা তাদের সংখ্যা বৃদ্ধি পাবে, এবং মেষ নেকড়েতে পরিণত হবে; ভালবাসা হিংসায় পরিণত হবে।<sup>৬</sup> কেননা শর্ততা বৃদ্ধি পেতে পেতে মানুষ একে অপরকে ঘৃণা করবে, নির্যাতন করবে ও বিশ্বাসঘাতকতা করবে; আর তখন জগতের প্রবঞ্চক সৈশ্বরের পুত্রই যেন দেখা দেবে, আর সে মহাচিহ্ন ও অলৌকিক লক্ষণ সাধন করবে<sup>(খ)</sup>; পৃথিবী তারই হাতে তুলে দেওয়া হবে, আর সে এমন শর্তাপূর্ণ কাজ সাধন করবে যা জগৎপত্নের সময় থেকে কখনও ঘটেনি।<sup>৭</sup> তখন গোটা মানবজাতি অগ্নিপরীক্ষার সম্মুখীন হবে: অনেকে পদস্থানিত হয়ে<sup>(গ)</sup> বিলুপ্ত হবে, কিন্তু যারা বিশ্বাসে নিষ্ঠাবান থাকবে তারা সেই অভিশাপ দ্বারাই পরিত্রাণ পাবে<sup>(ঘ)</sup>।

<sup>৯</sup> আর তখন সত্যের চিহ্নসকল দেখা দেবে। প্রথম চিহ্ন: স্বর্গ উন্মুক্ত; দ্বিতীয় চিহ্ন: তুরিটা বাজবে<sup>(১)</sup>; তৃতীয় চিহ্ন: মৃতদের পুনরুত্থান।<sup>১০</sup> সকল মৃতজন পুনরুত্থিত হবে এমন নয়, যেমনটি বলা হয়েছিল: প্রভু আসবেন, তাঁর সকল পরিত্রজনেরাও আসবেন তাঁর সঙ্গে<sup>(২)</sup>।<sup>১১</sup> তখনই জগৎ প্রভুকে স্বর্গের মেঘবাহনে আসতে দেখবে<sup>(৩)</sup>।

(ক) মাথি ২৪:৮২-৮৪; লুক ১২:৩৫।

(খ) মাথি ২৪:২৪।

(গ) মাথি ২৪:১০।

(ঘ) মাথি ২৪:১৩।

(ঙ) মাথি ২৪:৩১।

(চ) জাখারিয়া ২৪:৫।

(ছ) মাথি ২৪:৩০; ২৬:৬৪।